

11 FEB 2013

যুগান্তর

তারিখ 11 FEB 2013
পৃষ্ঠা ৭ কলাম ৯

এসএসসি ও সমমানের পরীক্ষায় বহিষ্কার ১৫২

স্থগিত রিপোর্ট

এসএসসি ও সমমানের পরীক্ষায় চতুর্থ দিনে নকলের অভিযোগে সার্বজনীন বহিষ্কার হয়েছে ১৫২ জন। এর মধ্যে অষ্টটি সাধারণ বোর্ডে রয়েছে ১১৪ জন। এদিন সাধারণ শিক্ষা বোর্ডগুলোতে গণিত এবং মন্ত্রাঙ্গ বোর্ডের দাখিল আরবি ১ম পত্র ও কারিগরিতে ইংরেজি ২য় পত্র পরীক্ষা ছিল। বহিষ্কারের মধ্যে ঢাকা বোর্ডে ৪৮, কুমিল্লা বোর্ডে ৩০, যশোর বোর্ডে ১৩, রাজশাহী বোর্ডে ৫, চট্টগ্রাম বোর্ডে ৭, দিনাজপুর বোর্ডে ৫, বরিশাল বোর্ডে ২ এবং সিলেট বোর্ডে ১ রয়েছে।

৩য় নকলই নয়, পতকালের গণিতের পরীক্ষায় অনুপস্থিতও ছিল সর্বাধিক ১৫ ব্যাপারেও সীর্ষ রয়েছে ঢাকা বোর্ড। এ বোর্ডে মোট ১ হাজার ২৪৭ পরীক্ষার্থী পতকাল পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত ছিল। এরপরই রয়েছে চট্টগ্রাম বোর্ডে ৩৯৮, যশোর বোর্ডে ৩৭১, রাজশাহী বোর্ডে ৩৭০, কুমিল্লা বোর্ডে ২৫৮, দিনাজপুর বোর্ডে ২৪৭, বরিশাল বোর্ডে ১৯২ এবং সিলেট বোর্ডে ১৪০।

এর বাইরে মন্ত্রাঙ্গ বোর্ডে আরবি ১ম পত্রে নকলের অভিযোগে বহিষ্কার হয়েছে ২৬ পরীক্ষার্থী এবং অনুপস্থিত ছিল ১ হাজার ৪৭৫। অনুরূপ পতকালের দাখিল পরীক্ষায় পরীক্ষার্থীকে নকলে সহায়তার অভিযোগে ৪ জন শিক্ষকও বহিষ্কার হয়েছেন। এছাড়া কারিগরি বোর্ডে ইংরেজি দ্বিতীয় বিষয়ের পরীক্ষায় অনুপস্থিত ছিল ৬৪৮ এবং বহিষ্কার হয়েছে ১২ পরীক্ষার্থী।